



গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

GAS TRANSMISSION COMPANY LTD. (GTCL)

(A Company of Petrobangla)

সূত্র নংঃ- ২৮.১৪.০০০০.১১৬.২৫.০০৩.২১.১০২


তারিখঃ ১৭-০১-২০২২

গণ বিজ্ঞপ্তি

বিশ্বের বিভিন্ন দেশে করোনা ভাইরাসের দক্ষিণ আফ্রিকান ধরণ ওমিক্রনের সংক্রমণ দেখা দিয়েছে এবং ওমিক্রন ছাড়াও অন্যান্য ধরণ ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে যার দাপট বিশ্বব্যাপী দৃশ্যমান, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) ওমিক্রন সহ অন্যান্য ধরণ সম্পর্কে সকল দেশকে সতর্ক করেছে। যার প্রেক্ষিতে, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড এর করোনা ভাইরাস এ আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীদের সার্বিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে গঠিত “কুইক রেসপন্স টিম” সবাইকে নিম্নলিখিত নির্দেশনা সমূহ যথাযথভাবে মেনে চলার অনুরোধ করছে।

- ০১। অফিসে প্রবেশের সময় প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের মাস্ক পরিধান, হাত ধৌতকরণ/হ্যান্ড স্যানিটাইজ ও তাপমাত্রা পরিমাপ করা অত্যাবশ্যকীয়।
- ০২। অফিসে অবস্থানকালে বাধ্যতামূলকভাবে নাক-মুখ ঢেকে মাস্ক পরতে হবে, স্বাস্থ্যবিধি মেনে চলা দাপ্তরিকভাবে নিশ্চিত করা।
- ০৩। অফিসের নামাযের স্থানে স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করা।
- ০৪। ক্যান্টিনে ধারণক্ষমতার অর্ধেক বা তার কম বসে খাওয়ার ব্যবস্থা করা।
- ০৫। লিফট এ প্রবেশের সময় সামাজিক দূরত্ব বজায় রাখবেন, যতদূর সম্ভব সিঁড়ি ব্যবহার করে উঠবেন এবং নামার সময়েও সিঁড়ি ব্যবহার করবেন।
- ০৬। কোভিড-১৯ এ আক্রান্ত হলে বা কোভিড ১৯ এর উপসর্গ প্রকাশ পেলে “কুইক রেসপন্স টিম” এর সদস্যগণদের সাথে অতিসত্বর যোগাযোগ করে স্বতঃস্ফূর্তভাবে আক্রান্ত কর্মকর্তা/কর্মচারীর বিস্তারিত তথ্য প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ০৭। অফিস কমপ্লেক্সে সব ধরণের সভা, সমাবেশ, প্রশিক্ষণ ও কর্মশালা সমূহ স্বাস্থ্যবিধি মেনে, নিরাপদ দূরত্ব বজায় রেখে, ধারণক্ষমতার অর্ধেক বা তার কমসংখ্যক লোকের উপস্থিতিতে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হল।
- ০৮। লিফটিং সার্ভিস এ কোম্পানির কর্মকর্তা/ কর্মচারীদের পরিবহণে ব্যবহৃত সকল গাড়ির চালক, চালকের সহকারী ও গাড়ি ব্যবহারকারী কর্মকর্তা ও কর্মচারীগণকে বাধ্যতামূলক ভাবে মাস্ক পরিধান করতে হবে। গাড়ীতে নির্দিষ্ট দূরত্বে আসন গ্রহণ করতে হবে।
- ০৯। এ অবধি যারা করোনা ভাইরাস প্রতিরোধক টিকা গ্রহণ করেননি, তাদের অতিসত্বর টিকা গ্রহণ নিশ্চিত করতে হবে। টিকা রেজিস্ট্রেশনে সমস্যা সম্মুখীন হলে মেডিকেল সেকশনে যোগাযোগ করার অনুরোধ করা হল।

- ❖ করোনা সতর্কতা মেনে চলুন, করোনা মুক্ত থাকুন।
- ❖ নিজে সুস্থ থাকুন, অন্যকে সুস্থ থাকতে সহায়তা করুন।


ডাঃ জাবিদ-উল কাদির জোয়ার্দার
কুইক রেসপন্স টিম এর পক্ষে।